

মহামিলন ।

জানিনাক সে কোন্ সময় সে কোন্ সন্দিনে,
হৃদয়খানি মিশিয়ে যাবে তোমার চরণে ।

জানিনাক আমার ভবে

যাত্রা কবে সাক্ষ হবে

রহিব শুধু বিভোর হয়ে তোমার ধ্যানে,
জানিনাক সে কোন্ সময় সে কোন্ সন্দিনে ।

কখন তুমি অঁধার নাশি উজল আলোকে,
পরশে তা'র ফুটিয়ে দেবে হৃদয়-কোরকে ।

নামিয়ে দিয়ে বুকের বোঝা

নবীন প্রাণে চলবো সোজা

মায়া'র বাঁধন ছিঁড়ে আমি ভাসব পুলকে,
কখন তুমি সরিয়ে দেবে অঁধার আলোকে ।

জড়িয়ে তোমা থাকব আমি নিরুন্ম অঁধারে,
কখন তুমি হবে উদয় হৃদয়-মাঝারে ।

ঐশ্ব্যত-রবি আকাশ-মাঝে

জাগবে সবে নবীন সাজে

এস তুমি ভাসিয়ে মোরে স্থখের পাথারে,

(তাই) জড়িয়ে তোমা থাকব ওগো নিরুন্ম অঁধারে ।

তোমার মধু-পরশে একি ! ফিরলো চেতনা,
ভাসলো হৃদি আনন্দেতে ভুললো বেদনা ।

জীবন-শেষে দিয়ে দেখা :

মুছিয়ে দিলে হৃথের রেখা

তাইতো তব চরণ ছুটি আমার সাধনা

তোমার মধু-পরশ পেয়ে ফিরলো চেতনা ।

শ্রীসত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়,

তৃতীয় বার্ষিক শ্রেণী ।